# জেলা পরিষদ কার্যালয়
# পাবনা।

www.zppabna.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ২৭-০২-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদের ৫১তম সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ জনাব মোহাম্মদ রেজাউল রহিম লাল
চেয়ারম্যান
জেলা পরিষদ, পাবনা।

স্থানঃ ঃ রশিদ হল, জেলা পরিষদ,পাবনা।
তারিখ ঃ ২৭-০২-২০২২ খ্রিঃ।
সময় ঃ বেলা ১১.০০ টা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জেলা পরিষদ, পাবনাকে আলোচ্য বিষয় সমূহ উপস্থাপনের জন্য আহবান জানান। আগামী ঐতিহাসিক ০৭ মার্চ, জাতির পিতা বঙ্গবন্ধুর ১০২ তম জন্ম বার্ষিকী ও ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে কর্মসূচি গ্রহণ এবং অন্যান্য বিষয়ে সভায় আলোচনার জন্য উপস্থিত সকল সদস্যকে আহবান জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **আলোচ্য সূচি-১** পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ। | সভায় গত ২৪-০১-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলা পরিষদের ওয়েব সাইটে দেয়া থাকলেও সম্মানিত সদস্যগণের নিকট হার্ড কপি সরবরাহ করা হয় এবং পাঠ করে শোনান হয়। | এতে কোনও প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয় । | |
| **আলোচ্য সূচি-২** ঐতিহাসিক দিবস ০৭ মার্চ, জাতির পিতা বঙ্গবন্ধুর ১০২ তম জন্ম বার্ষিকী ও ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে কর্মসূচি গ্রহণ | সিইও জানান যে, মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে দেশের সকল জেলা পরিষদে আগামী ০৫ মার্চ ২০২২ খ্রিঃ তারিখে মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগাঁথা "মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান" সম্পর্কে আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করার নির্দেশনা রয়েছে। এছাড়াও ঐতিহাসিক ০৭ মার্চ, জাতির পিতা বঙ্গবন্ধুর ১০২ তম জন্ম বার্ষিকী ও ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে সরকারি নির্দেশনা মোতাবেক কর্মসূচি গ্রহণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে ০৫ মার্চ মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগাঁথা "মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান" সম্পর্কে আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ঐতিহাসিক ০৭ মার্চ, জাতির পিতা বঙ্গবন্ধুর ১০২ তম জন্ম বার্ষিকী ও ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে সরকারি নির্দেশনা মোতাবেক কর্মসূচি গ্রহণের সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা |
| **আলোচ্য সূচি-৩** এডিপির অর্থে টেন্ডারের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত। | সংরক্ষিত সদস্য কানিজ ফাতেমা পুতুল সভায় জানান যে, অনেক প্রকল্পের টেন্ডার হয়েছে দীর্ঘদিন যাবৎ কিন্তু এখন পর্যন্ত কাজ শুরু হয়নি। হয় টেন্ডার বাতিল করতে হবে না হলে দ্রুত কাজ শেষ করার তাগিদ দেন। | আলোচনান্তে যে সকল প্রকল্পের কাজ এখনও শেষ হয়নি তা দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারদের পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় তাদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা। |

| | | | |
|---|---|---|---|
| **আলোচ্য সূচি-বিবিধ-৪(১)** ফরিদপুর ডাকবাংলোর প্যালাসাইডিং ওয়াল নির্মাণ সংক্রান্ত | সিইও জানান যে, ফরিদপুর ডাকবাংলোর পিছন সাইডে পৌরসভার একটি গভীর কাঁচা ড্রেন রয়েছে। এছাও ডাকবাংলোটি বড়াল নদীর পাশে অবস্থিত হওয়ায় বন্যার সময় ড্রেন দিয়ে পানি প্রবেশ করে ডাকবাংলোর বিল্ডিংয়ের নিচ থেকে মাটি সরে গিয়ে বিল্ডিং ভেংগে যাওয়ার উপক্রম হয়ে পড়েছে। দ্রুত প্যালাসাইডিং ওয়াল নির্মাণ করা না হলে বড় ধরণের ক্ষতির সম্ভাবনা রয়েছে। উক্ত প্যালাসাইডিং ওয়াল নির্মাণ করতে প্রায় ৬.০০ (ছয় লক্ষ) টাকা ব্যয় হবে মর্মে উপসহকারী প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে, পৌরসভা কর্তৃক উক্ত ড্রেন পাকা করণের কাজ চলছে। সে কারণে ডাকবাংলোর প্যালাসাইডিং ওয়াল নির্মাণের কাজটি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। ২০২১-২০২২ অর্থ বছরে নিজস্ব তহবিলের অন্যান্য ব্যয় খাতের জেলা পরিষদের ডাকবাংলো/অডিটরিয়াম সংস্কার/ পুনঃনির্মাণ/রক্ষণাবেক্ষণ খাতে ৮০.০০ (আশি লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে যেহেতু ডাকবাংলোটি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। বড় ধরণের ক্ষতি সাধনের আগেই ২০২১-২০২২ অর্থ বছরে নিজস্ব তহবিলের অন্যান্য ব্যয় খাতের জেলা পরিষদের ডাকবাংলো/অডিটরিয়াম সংস্কার/ পুনঃনির্মাণ/রক্ষণাবেক্ষণ খাত হতে ৬.০০ (ছয় লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে কোটেশনের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা। |
| **আলোচ্য সূচি-বিবিধ-৪(২)** নুরপুর সদর ডাকবাংলো পুকুরের প্যালাসাইডিং ও আঙিনা উন্নয়ন | সিইও জানান যে, নুরপুর সদর ডাকবাংলোর আঙিনাটি দীর্ঘদিন যাবৎ অরক্ষিত অবস্থায় পড়ে আছে। ডাকবাংলোর ভিতরে তৎকালিন জেলা প্রকৌশলীর বাসভবন ও কর্মচারীদের জন্য টু-ইন কোয়াটার ছিল যা বর্তমানে বরেন্দ্র অফিসকে ভাড়া দেওয়া আছে। বরেন্দ্র অফিসের আশে পাশে ছোট ছোট অনেক গর্ত এবং জঙ্গলে ভরে আছে। আঙিনাটি মাটি দ্বারা ভরাট এবং জঙ্গল পরিস্কার করা প্রয়োজন। উক্ত আঙ্গিনা উন্নয়ন করতে প্রায় ৩.০০ (তিন লক্ষ) টাকা ব্যয় হবে মর্মে উপসহকারী প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এছাড়াও পুকুরের পূর্বপার্শ্বে প্যালাসাইডিং ওয়াল নির্মাণ করতে আনুমানিক ৩.০০ (তিন লক্ষ) টাকা খরচ হবে। ২০২১-২০২২ অর্থ বছরে নিজস্ব তহবিলের অন্যান্য ব্যয় খাতের জেলা পরিষদের ডাকবাংলো/ অডিটরিয়াম সংস্কার/ পুনঃনির্মাণ/রক্ষণাবেক্ষণ খাতে ৮০.০০ (আশি লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে সদর ডাকবাংলোর আঙ্গিনা উন্নয়নের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে নিজস্ব তহবিলের অন্যান্য ব্যয় খাতের জেলা পরিষদের ডাকবাংলো/অডিটরিয়াম সংস্কার/ পুনঃনির্মাণ/রক্ষণাবেক্ষণ খাত হতে ৬.০০ (ছয় লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে কোটেশনের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা। |
| **আলোচ্য সূচি-বিবিধ-৪(৩)** সুজানগর স্বাস্থ্য কমপ্লেক্স এর সম্মুখে জেলা পরিষদের মালিকানাধীন জায়গা ইজারা সংক্রান্ত। | সিইও জানান যে, সুজানগর স্বাস্থ্য কমপ্লেক্স এর সম্মুখে জেলা পরিষদের মালিকানাধীন জায়গা সুজানগর পৌরসভার অনুকূলে ইজারা পাইবার জন্য মেয়র আবেদন করেছেন। পৌর মেয়র জানিয়েছেন যে, পৌরসভার সৌন্দর্য বর্ধনের জন্য এবং রাস্তা সংস্কার ও কিছু লোকের কর্মসংস্থানের জন্য কয়েকটি অস্থায়ী দোকান ঘর নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে মেয়র বার বার তাগিদ দিচ্ছেন। এর ওপর সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে বাৎসরিক ভিত্তিতে একসনা লিজ দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| **আলোচ্য সূচি-বিবিধ-৪(৪)** চিকিৎসা,বাড়ীঘর মেরামত, ধর্মীয় ও অন্যান্য সামাজিক কল্যাণমূলক খাতে অনুদান অনুমোদনের বিষয়ে আলোচনা | প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের সমাজ কল্যাণ ব্যয় খাতে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। পাবনা জেলার প্রত্যন্ত অঞ্চল হতে দরিদ্র, দুঃস্থ, অসহায় ও গরীব জনগণ অসুস্থতা ও বাড়ীঘর মেরামতের জন্য আর্থিক সাহায্য চেয়ে আবেদন করায় তাদের সনাক্ত করে আবেদনের উপর সংশ্লিষ্ট জেলা পরিষদের সদস্যগণ/মাননীয় সংসদ সদস্যগণ আর্থিক সাহায্য মঞ্জুরির জন্য সুপারিশ করেন। সে প্রেক্ষিতে উক্ত খাত হতে নিম্নে বর্ণিত ব্যক্তিদেরকে অনুদান প্রদান করা হয়েছে। যাহা ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | আলোচনান্তে পাবনা জেলার প্রত্যন্ত অঞ্চল হতে দরিদ্র, দুঃস্থ, অসহায় ও গরীব জনগণ অসুস্থতা ও বাড়ীঘর মেরামতের জন্য আর্থিক সাহায্যের আবেদনসমূহ যাচাই বাছাই পূর্বক যথাযথ বিবেচিত হওয়ায় নিম্নবর্ণিত ৩৮ জন দরিদ্র, দুঃস্থ, অসহায় ও গরীব ব্যক্তিকে =২,৯৯,৫০০/-(দুই লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা সমাজ কল্যাণ খাত হতে প্রদান করায় তা ভূতাপেক্ষ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

গরীব, দুঃস্থ ও অসহায় ব্যক্তিদের আর্থিক সাহায্য প্রদানের তালিকা ঃ

| ক্রমিক নং | অনুদান প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম | অনুদানের পরিমান | অনুদান দেওয়ার কারণ | সুপারিশকারী |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ সাবিনা ইয়াসমিন সাং-পিতা- মৃতঃ আব্দুস সামাদ সাং-রাঙ্গালিয়া, পাবনা। | ৫,০০০/- | লেখাপড়ার জন্য | চেয়ারম্যান জেলা পরিষদ, পাবনা। |
| ০২ | মোঃ আকমল হোসেন, অফিস সহকারী জেলা পরিষদ, পাবনা। | ১০,০০০/- | চিকিৎসার জন্য | |
| ০৩ | মোঃ জনি শেখ, সাং-ছাতিয়ানি, পাবনা। | ৮,০০০/- | দরিদ্রতার জন্য | |
| ০৪ | মোঃ শামছুল ইসলাম, সাং-চকপৈয়লানপুর, পাবনা। | ৮,০০০/- | চিকিৎসার জন্য | |
| ০৫ | মোঃ আব্দুল জব্বার, সাং-হাটগ্রাম, ভাঙ্গুড়া, পাবনা। | ২০,০০০/- | দরিদ্রতার জন্য | মোঃ আসলাম আলী সদস্য নং-০৮ জেলা পরিষদ, পাবনা। |
| ০৬ | মোঃ রেজাউল করিম, সাং-পাবনা সদর,পাবনা। | ২০,০০০/- | ” | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, পাবনা। |
| ০৭ | মোঃ শহিন শেখ, পিতা-মোঃ সোনাই শেখ সাং- ছাতিয়ানি | ৩,০০০/- | চিকিৎসার জন্য | মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ০৩ নং সদস্য জেলা পরিষদ, পাবনা। |
| ০৮ | মোঃ মুছা খাঁন সাং- পৈয়লানপুর পাবনা। | ৩,০০০/- | ” | শামসুন নাহার প্যানেল চেয়ারম্যান পাবনা সদর উপজেলা, পাবনা |
| ০৯ | মোঃ লিয়াকত আলী সাং-লাইব্রেরী বাজার, পাবনা। | ৩,০০০/- | ” | চেয়ারম্যান জেলা পরিষদ, পাবনা। |
| ১০ | মোঃ আলামিন হোসেন, পরিচ্ছন্নতাকর্মী জেলা পরিষদ, পাবনা। | ১০,০০০/- | ” | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, পাবনা। |
| ১১ | মোঃ হেলাল উদ্দিন, সাং-আসাফ উদ্দিন, সাং-শিবরামপুর | ৮,০০০/- | দরিদ্রতার জন্য | চেয়ারম্যান জেলা পরিষদ, পাবনা। |
| ১২ | মোছাঃ জিন্নাত আরা তুষার সাং-সাঁথিয়া, পাবনা। | ৮,০০০/- | ” | |
| ১৩ | স্বপন কুমার দাস, সাং- বেড়া, পাবনা। | ৮,০০০/- | ” | |
| ১৪ | মোছাঃ নারগিস আক্তার সাং-সুজানগর, পাবনা। | ৮,০০০/- | ” | |
| ১৫ | শ্রীমতি রজনীগন্ধা সেন, সাং-দক্ষিণ রাঘবপুর, পাবনা। | ৫,০০০/- | | |
| ১৬ | মোঃ সোহানুর রহমান সাং-সাঁথিয়া, পাবনা পাবনা। | ৫,০০০/- | দরিদ্রতার জন্য | |
| ১৭ | মোঃ রেজাউল করিম, সাং- করমজা সাঁথিয়া, পাবনা। | ৫,০০০/- | ” | |
| ১৮ | মোঃ বাবলু সরদার, সাং-পাবনা সদর, পাবনা। | ১০,০০০/- | দরিদ্রতার জন্য | |
| ১৯ | মোঃ সাদ্দাম হোসেন, সাং- সাঁথিয়া, পাবনা। | ১০,০০০/- | ” | |
| ২০ | মোঃ বাবুল আক্তার, সাং- সাঁথিয়া, পাবনা। | ১০,০০০/- | ” | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | মোঃ রতন প্রাঃ সাং-রামচন্দ্রপুন পাবনা। | ১০,০০০/- | | কানিজ ফাতেমা সংরক্ষিত সদস্য ০৫ জেলা পরিষদ, পাবনা |
| ২২ | মোছাঃ মরিয়ম খাতুন, সাং- আটঘরিয়া, পাবনা। | ১০,০০০/- | চিকিৎসার জন্য | |
| ২৩ | মোঃ শামিম হোসেন, সাং- সাঁথিয়া, পাবনা। | ১০,০০০/- | | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, পাবনা। |
| ২৪ | মোঃ মাশরুখ হোসেন অফিস সহায়ক, জেলা পরিষদ, পাবনা। | ১০,০০০/- | চিকিৎসার জন্য | |
| ২৫ | কাজী মনোয়ারুল ইসলাম, সাং- পাবনা সদর, পাবনা। | ৫,০০০/- | লেখাপড়ার জন্য | |
| ২৬ | মোঃ ইসহাক আলী, সাং- শিবরামপুর পাবনা। | ৭,৫০০/- | দরিদ্রতার জন্য | |
| ২৭ | মোছাঃ রত্না পারভীন সাং-জোড়বাংলা পাবনা। | ২০,০০০/- | ” | |
| ২৮ | মোঃ রাজিব হোসেন, সভাপতি কুলনাশা বাউল সঙ্গ পাবনা | ১০,০০০/- | দরিদ্রতার জন্য | চেয়ারম্যান জেলা পরিষদ, পাবনা। |
| ২৯ | মোছাঃ বেলা খাতুন, দক্ষিণ রামচন্দ্রপুর পাবনা। | ৫,০০০/- | চিকিৎসার জন্য | |
| ৩০ | মোছাঃ রেশমা খাতুন, সাং- শালগাড়ীয়া, পাবনা। | ৫,০০০/- | দরিদ্রতার জন্য | |
| ৩১ | মোছাঃ ডালিয়া খাতুন, সাং- বেড়া পাবনা। | ৫,০০০/- | ” | |
| ৩২ | মোঃ সাইদুল ইসলাম, সাং-আতাইকুলা পাবনা। | ৩,০০০/- | বাড়ীঘর মেরামতের জন্য | |
| ৩৩ | মোছাঃ মায়া খাতুন, সাং-রামচন্দ্রপুর পাবনা। | ৩,০০০/- | চিকিৎসার জন্য | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, পাবনা। |
| ৩৪ | সাদিয়া শারমিন, মাজেদ আলী সাং-পাবনা সদর,পাবনা। | ১০,০০০/- | দরিদ্রতার জন্য | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, পাবনা। |
| ৩৫ | মোছাঃ জীবন নাহার স্বামী-মোঃ শাজাহান সাং- বেড়া, পাবনা। | ৭,০০০/- | ” | |
| ৩৬ | মোছাঃ রোকেয়া খাতুন, পিতা তছির উদ্দিন, সাং-ছাতিয়ানি পাবনা। | ৬,০০০/- | ” | |
| ৩৭ | মোঃ রানা শেখ, পিতা- মোঃ দাউদ সাং- কাচারীপাড়া পাবনা। | ৩,০০০/- | | চেয়ারম্যান জেলা পরিষদ, পাবনা। |
| ৩৮ | মোঃ শাজাহান শেখ, সাং- রামচন্দ্রপুর পাবনা। | ৩,০০০/- | | |
| | | মোট =২,৯৯,৫০০/- | | |

| | | | |
|---|---|---|---|
| **আলোচ্য সূচি-বিবিধ-৪(৫)** বিভিন্ন সভায় ও অফিসের আপ্যায়নের বিল প্রদান বিষয়ে আলোচনা | প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জানান যে, অফিসের মাসিক সভা, অন্যান্য সভা ও চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষসহ অফিসে আগত সম্মানিত ব্যক্তিদের আপ্যায়ন বাবদ ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের সাধারণ সংস্থাপন ব্যয় খাতের খ (১৬) বিভিন্ন সভা/সমিতি/অনুষ্ঠানে আপ্যায়ন ব্যয় খাতে ১৫.০০ (পনের লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে বাজেট বরাদ্দ রয়েছে। আপ্যায়ন খরচ বাবদ নিম্নবর্ণিত বিল প্রদান করা হয়েছে। যা ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হল। | আলোচনান্তে অত্র পরিষদের বিভিন্ন সভা ও অন্যান্য আপ্যায়ন বাবদ ১৬,৬৮০/- টাকা পরিশোধিত বিলের সর্বসম্মত ভূতাপেক্ষ অনুমোদন করা হল। | |
| **আলোচ্য সূচি-বিবিধ-৪(৬)** জেলা পরিষদের বিভিন্ন ডাকবাংলো ও অফিস কক্ষে ব্যবহৃত প্রয়োজনীয় মালামাল সরবরাহ বিষয়ে আলোচনা | প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের অন্যান্য সংস্থাপন ব্যয় খাতের খ (১২) মনোহারী দ্রব্যাদী ক্রয় খাতে ৮.০০ (আট লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে বাজেট বরাদ্দ রয়েছে। ইতোমধ্যে উক্ত খাতে জরুরি ভিত্তিতে অত্র পরিষদ ও ডাকবাংলোতে ব্যবহারের জন্য বিভিন্ন সময়ে জরুরি ভিত্তিতে বিভিন্ন ধরণের মালামাল ক্রয় পূর্বক নিম্নবর্ণিত বিল পরিশোধ করা হয়েছে যা ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হল। | আলোচনান্তে অফিস ও বিভিন্ন ডাকবাংলোয় ব্যবহারের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয় করা যুক্তিযুক্ত বিবেচিত হওয়ায় ২৫,০০০/- টাকা পরিশোধিত বিলের সর্বসম্মত ভূতাপেক্ষ অনুমোদন করা হল। | |

| | | | |
|---|---|---|---|
| **আলোচ্য সূচি-বিবিধ-৪(৭)** ঈশ্বরদী ডাকবাংলো মার্কেট সংস্কার সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সিইও জানান যে, ঈশ্বরদী উপজেলাধীন ঈশ্বরদী ডাকবাংলো সংলগ্ন মার্কেটটি দীর্ঘদিন যাবৎ সংস্কার না করায় জরাজির্ণ হয়ে পড়েছে। ছাদ দিয়ে পানি পড়ে, ওয়ালের প্লাস্টার খসে পড়ছে। দ্রুত মার্কেটটি সংস্কার করা প্রয়োজন। উক্ত মার্কেট সংস্কার করতে প্রায় ৫.০০ (পাঁচ লক্ষ) টাকা ব্যয় হবে মর্মে উপসহকারী প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে নিজস্ব তহবিলের অন্যান্য ব্যয় খাতের নিজস্ব প্রতিষ্ঠান পরিচালনা ব্যয় বাবদ ৫.০০ (আশি লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে ঈশ্বরদী ডাকবাংলো সংলগ্ন মার্কেটটি ২০২১-২০২২ অর্থ বছরে নিজস্ব তহবিলের অন্যান্য ব্যয় খাতের নিজস্ব প্রতিষ্ঠান পরিচালনা ব্যয় খাত হতে ৫.০০ (পাঁচ লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে কোটেশনের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা। |
| **আলোচ্য সূচি-বিবিধ-৩(৮)** জেলা পরিষদের মালিকানাধীন চাটমোহর উপজেলার মথুরাপুর পুকুর সংস্কার সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | জেলা পরিষদের ১০ নং ওয়ার্ড সদস্য মোঃ সাইদুল ইসলাম জানান যে, জেলা পরিষদের অনেক পুকুর রয়েছে। চাটমোহর উপজেলাধীন মথুরাপুর পুকুর পাড়ে অনেক অবৈধ বসতি আছে। এতে পুকুর থেকে যথাযথ রাজস্ব আসছে না। যদি অবৈধ দখলদারদের পুনর্বাসন করা যায় এবং পুকুরটির উন্নয়নকল্পে সংস্কার করা যায় তাহলে রাজস্ব আয় অনেক বাড়বে। বর্তমান শুকনা মৌসুমে দ্রুত সংস্কার করা প্রয়োজন। | মথুরাপুর পুকুরটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। এটি জেলা পরিষদের একটি অন্যতম রাজস্ব আয়ের উৎস। এ দপ্তরের সার্ভেয়ার দ্রুত মথুরাপুর পুকুরের পাড় ও সীমানা চিহ্নিত করে স্থায়ী পিলার স্থাপন করবেন। ক্রমান্বয়ে অন্যান্য পুকুরের সীমানাগুলোও ০১ (এক) মাসের মধ্যে চিহ্নিত করে পিলার স্থাপন করবেন। তারপর দ্রুত সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রকৌশলী<br>২। সার্ভেয়ার, জেলা পরিষদ, পাবনা। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সকল সদস্যকে আবারও ধন্যবাদ জ্ঞাপন ও তাদের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোহাম্মদ রেজাউল রহিম লাল)**
চেয়ারম্যান
জেলা পরিষদ,পাবনা
ফোন ঃ ০২৫৮৮৮-৪৬০৫৭
e-mail: zppabna@ gmail.com

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০১.১৫.০০১.২১. তারিখ ঃ ২৭-০২-২০২২ খ্রিঃ

অনুলিপি ( সদয় অবগতি / কার্যার্থে) ঃ
১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। পরিচালক, স্থানীয় সরকার , রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। উপসচিব, জেলা পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা পরিষদ সভার সদস্যবৃন্দ (সকল)।
৬। জনাব..............................................
৭। সি এ টু চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**(কাজী আতিয়ুর রহমান)**
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,পাবনা।
মোবা ঃ ০১৭১৩-৮৫৬৫০২
ফোনঃ ০২৫৮৮৮-৪৫৮৫৯ (অফিস)
e-mail: ceozppabna@ gmail.com